

উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
মনিরামপুর, যশোর।

নং-১৭.০৫.৪১৬১.০০০.৩২.০০৫.১৭-০২

তারিখ : ০২ জানুয়ারি, ২০১৮

বিষয় : খসড়া ভোটার তালিকা গ্রহণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০১৭ এর আওতায় দেশব্যাপী ছবিসহ খসড়া ভোটার তালিকা-২০১৭ আগামী ০২ জানুয়ারী ২০১৮ খ্রিঃ তারিখে প্রকাশ করা হবে। আপনার ইউনিয়নের (ভোটার এলাকা ভিত্তিক) এককপি খসড়া ভোটার তালিকা হালনাগাদ-২০১৭ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে আগামী ০২ জানুয়ারী ২০১৮ খ্রিঃ তারিখে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। খসড়া ভোটার তালিকা-২০১৭, ০২/০১/২০১৮ খ্রিঃ হতে ১৭/১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সর্বসাধারণের প্রদর্শনের জন্য উন্মুক্ত রাখতে হবে এবং খসড়া ভোটার তালিকায় কোনরূপ ভুলত্রুটি পরিলক্ষিত হলে নির্ধারিত ফরমে রিভাইজিং অথরিটি ও উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর এর নিকট আবেদন করতে হবে। আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে গ্রহণ করতে হবে। খসড়া ভোটার তালিকা প্রদর্শন শেষে আগামী ১৮/১/২০১৮ খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ফেরত প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ছবিসহ খসড়া ভোটার তালিকা কোনরূপ কাটাছেড়া, ফটোকপি বা হস্তান্তর দণ্ডনীয় অপরাধ।

সংযুক্ত : খসড়া ভোটার তালিকা ০১ কপি।

প্রাপক,

~~মোঃ~~ চেয়ারম্যান,  
~~মোঃ~~ পৌরসভা/ইউনিয়ন পরিষদ  
মনিরামপুর, যশোর।


  
০২/০১/২০১৮  
(মোঃ সহিদুর রহমান)  
উপজেলা নির্বাচন অফিসার  
মনিরামপুর, যশোর।

নং-১৭.০৫.৪১৬১.০০০.৩২.০০৫.১৭-০২

তারিখ : ০২ জানুয়ারি, ২০১৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর।
- ৪। জেলা নির্বাচন অফিসার, যশোর।
- ৫। সচিব . . . . . পৌরসভা / ইউনিয়ন মনিরামপুর, যশোর।

  
০২/০১/২০১৮  
উপজেলা নির্বাচন অফিসার  
মনিরামপুর, যশোর।

বাংলাদেশ নির্বাচন কমিশন  
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়

ও  
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়  
মনিরামপুর, যশোর।

## গণবিজ্ঞপ্তি


ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭(২) এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪(১) অনুসারে আমি, মোঃ সহিদুর রহমান, উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, মনিরামপুর, যশোর এতদ্বারা যশোর জেলার মনিরামপুর উপজেলার রোহিতা, কাশিমনগর, ভোজগাতি, ঢাকুরিয়া, হরিদাসকাটি, মনিরামপুর, খেদাপাড়া, হরিহরনগর, ঝাঁপা, মন্দিমনগর, চালুয়াহাট, শ্যামকুড়, খানপুর, দুর্বাডাঙ্গা, কুলটিয়া, নেহালপুর ও মনোহরপুর এবং মনিরামপুর পৌরসভার ০১, ০২, ০৩, ০৪, ০৫, ০৬, ০৭, ০৮ ও ০৯ নং ওয়ার্ডের ভোটার এলাকাসমূহের/ তালিকায় উল্লিখিত এলাকাসমূহের হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ করছি।

২। উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির দাবী অথবা অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তি অথবা অন্তর্ভুক্তির বিষয় সম্পর্কে সংশোধনীয় দরখাস্ত অত্র বিজ্ঞপ্তি প্রকাশনার তারিখ হইতে পরবর্তী ১৫ দিনের মধ্যে আমার/ উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর ও সংশোধনকারী কর্তৃপক্ষ কার্যালয়ে ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে দাখিল করিতে হইবে।

অফিস সময়ে উপজেলা নির্বাচন অফিস, মনিরামপুর, যশোর, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, পৌরসভা ভবন, জেলা নির্বাচন অফিস, যশোর অথবা প্রকাশিত স্থানসমূহে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা দেখা যাইবে।

স্থান : উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
মনিরামপুর, যশোর।

তারিখ : ০২ জানুয়ারি, ২০১৮

  
০২/০১/২০১৮

(মোঃ সহিদুর রহমান)  
উপজেলা নির্বাচন অফিসার

ও  
রেজিস্ট্রেশন অফিসার  
মনিরামপুর, যশোর।

তারিখ : ০২ জানুয়ারি, ২০১৮

নং-১৭.০৫.৪১৬১.০০০.৩২.০০৫.১৭-০১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

২। মহা পরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।

৪। জেলা প্রশাসক, যশোর।

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর।

৬। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর ও সংশোধনকারী কর্তৃপক্ষ।

৭। জেলা নির্বাচন অফিসার, যশোর।


৮। মেয়র, মনিরামপুর পৌরসভা, মনিরামপুর, যশোর।

৯। চেয়ারম্যান . . . . . (সকল) ইউনিয়ন পরিষদ, মনিরামপুর, যশোর। (তাকে ভোটার তালিকা প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১০। সচিব . . . . . পৌরসভা / ইউনিয়ন পরিষদ (সকল) মনিরামপুর, যশোর।

১১। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, মনিরামপুর, যশোর।

১২। নোটিশ বোর্ড।

  
০২/০১/২০১৮

উপজেলা নির্বাচন অফিসার

ও  
রেজিস্ট্রেশন অফিসার  
মনিরামপুর, যশোর।

